

এই যে মিতু, পড়া শেখোনি কেন? হোমওয়ার্কও তো করোনি।

আগামীকাল পড়া শিখে আসবো স্যার। হোমওয়ার্কও করে আনবো।

পরে কোনো কিছু করলে সেটাকে কোন Tense বলে জানিস তো?

Future Indefinite Tense স্যার।

বেশ বেশ। এমন কয়েকটা উদাহরণ ইংরেজিতে বলতো দেখি?

1. I will eat.
2. I will do my homework.
3. Mina will go to shop.
4. I will sleep at night.

করবো, দেখবো, বলবো.. এই যে বাংলা ক্রিয়ার শেষে 'বো' বসে। এর জন্য ইংরেজিতে will বসে।



ঈগল মামা,
আপনি
উড়বেন না?

আমি উড়বো।
I will fly.

আপনি কি
উড়েই আবার
বসে পড়বেন?

এ কথা
বলছিস কেন
পুচকে চড়ুই!

তা হলে আপনি বলবেন,
আমি উড়তে থাকবো- I
will be flying. আপনি
Future Continuous
Tense এ কথা না বললে
বুঝবো কী করে?

এটা কেমন
Tense
বুঝিয়ে
বলতো?

কোনো কিছু ভবিষ্যতে
শুরু হয়ে চলতে থাকবে
এমন বোঝালে সেটাকে
Future Continuous
Tense বলে।

যেমন- আমি শিকার
ধরার জন্য উড়তে
থাকবো। I will be
flying to catch a
prey.

এই তো শিখে
ফেলেছেন। মনে
রাখবেন, এই
Tense-এ Verb-এর
সঙ্গে ing যোগ হবে।
Subject এর পর
Will be যোগ হবে।

